গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-২ অধিশাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন 'ন্যাশনাল স্ট্র্যাটেজি ফর দ্যা ডেভেলপমেন্ট অব স্ট্যাটিটিসটিক্স (এনএসডিএস) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর টিএপিপি সংশোধন (১ম) বিষয়ে অনুষ্ঠিত **Departmental Special Project Evaluation Committee (DSPEC)** সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ২৭ ডিসেম্বর ২০২১; সোমবার, বেলা ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-০২, লেভেল- ১০) |
| সভার উপস্থিতি | : | সংযোজনী - ক |

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ হতে আগত কর্মকর্তাগণকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। তিনি সভাকে জানান যে, অনুমোদিত টিএপিপি অনুযায়ী, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট মার্চ ২০১৮ তে শুরু হয় যার মেয়াদ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত নির্ধারিত আছে। বিবিএস কর্তৃক প্রকল্পটির মেয়াদ বর্তমান মেয়াদের অতিরিক্ত এক বৎসর অর্থাৎ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব যৌক্তিকতাসহ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে, মূলত এ লক্ষ্যেই এ সভা আহ্বান করা হয়েছে। তিনি বলেন পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" শীর্ষক পরিপত্রের ৭.২ অনুযায়ী কারিগরি সহায়তা "প্রকল্পের প্রথম সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য, অর্থায়নের ধরন ও উৎস এবং জনবল ও যানবাহনের কোন পরিবর্তন ব্যতিরেকে প্রকল্প ব্যয় ২৫% অথবা ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি/হ্রাস পেলে (যা নিম্নে হয়) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ডিএসপিইসি'র সুপারিশক্রমে সংশোধিত কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব অনুমোদন করবেন।" ন্যাশনাল স্ট্র্যাটেজি ফর দ্যা ডেভেলপমেন্ট অব স্ট্যাটিটিসটিক্স (এনএসডিএস) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর টিএপিপি সংশোধন (১ম) এর ক্ষেত্রে উল্লেখিত বিষয়গুলোর কোন ব্যত্যয় হচ্ছে না বিধায় ডিএসপিইসি এর সুপারিশের মাধ্যমে প্রকল্পটির সংশোধন করা যেতে পারে মর্মে উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন। এ পর্যায়ে তিনি 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন-কে প্রস্তাবিত টিএপিপি (১ম সংশোধনী) এর বিস্তারিত উপস্থাপনা প্রদানের অনুরোধ করেন।

**০৩। উপস্থাপনা**

প্রকল্প পরিচালক Power Point উপস্থাপনার মাধ্যমে চলমান প্রকল্পটির সংক্ষিপ্ত বিবরণী ও উদ্দেশ্যসহ সংশোধনের যৌক্তিকতা, আন্তঃখাত সমন্বয়, নতুন কার্যক্রমের অন্তর্ভুক্তি, নতুন পরামর্শক নিয়োগের প্রস্তাব ও তার ToR এবং অন্যান্য প্রয়োজনীয় বিষয় সভায় উপস্থাপন করেন।

**৩.১। NSDS Implementation Support Project এর সংক্ষিপ্ত বিবরণী:**

**প্রকল্পের নাম:** National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support Project.

| | | |
|---|---|---|
| **মন্ত্রণালয়/ বিভাগের নাম** | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| **বাস্তবায়নকারী সংস্থা** | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| **পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর** | : | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ |
| **বাস্তবায়নকাল** | : | মার্চ ২০১৮ - ফেব্রুয়ারি ২০২২ |
| **প্রাক্কলিত ব্যয়** | : | মোট ১৩৪০২.০০ লক্ষ (জিওবি ১৪০২.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য (বিশ্বব্যাংক) ১২০০০.০০ লক্ষ টাকা) টাকা। |

### ৩.২। প্রকল্পের মূল উদ্দেশ্য:

বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ও মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) বাস্তবায়নে সহায়তা করা। এর দ্বারা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সার্বিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের দ্বার উন্মোচিত হবে। নীতিনির্ধারক, পরিকল্পনাবিদসহ অন্যান্য তথ্য-উপাত্ত ব্যবহারকারীগণ যথাসময়ে মানসম্পন্ন সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান পাবে।

### ৩.৩। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:

- সীমাবদ্ধ সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে জরিপের পরিবর্তে 'প্রশাসনিক উৎস' থেকে নিয়মিত তথ্য সংগ্রহের জন্য তথ্য প্রস্তুতকারী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তরের সাথে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন করা এবং এ লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা।
- দ্রুততম সময়ে তথ্য সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে যথাসময়ে প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য সংগ্রহ থেকে রিপোর্ট প্রকাশ পর্যন্ত সামগ্রিক প্রক্রিয়া স্বয়ংক্রিয় করার লক্ষ্যে একটি Comprehensive ICT পরিকল্পনা প্রণয়ন করা;
- দাপ্তরিক পরিসংখ্যান প্রণয়ন একটি টেকনিক্যাল বিষয়, এ কাজ সঠিকভাবে সম্পাদনের জন্য দক্ষ জনবল অপরিহার্য। তাই বিবিএস-এ কর্মরত সকল ধরনের জনবলকে দেশে-বিদেশে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল হিসেবে গড়ে তোলা;
- সঠিক, নির্ভরযোগ্য, আন্তর্জাতিক মানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত প্রধান প্রধান (Core) জরিপসহ অন্যান্য পরিসংখ্যানগত কার্যক্রমের পরিচালনা পদ্ধতি (Methodology) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যুগোপযোগী করা; এবং
- বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত পরিসংখ্যান দ্রুত ও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে তথ্য প্রকাশনা পদ্ধতি আধুনিকায়ন করা।

### ৩.৪। প্রকল্পের প্রধান কম্পোনেন্টসমূহ:

কম্পোনেন্ট - এ: পরিসংখ্যান কার্যক্রম সমন্বয় ও ব্যবস্থাপনার উন্নয়ন;
কম্পোনেন্ট -বি: মানবসম্পদের উন্নয়ন এবং তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনার উন্নয়নের নিমিত্ত একটি সমন্বিত আইসিটি পরিকল্পনা প্রণয়ন;
কম্পোনেন্ট -সি: নীতিনির্ধারণ ও পরিকল্পনা প্রণয়নে ব্যবহার্য প্রধান (Core) পরিসংখ্যানের পরিধি ও গুণগতমান উন্নয়ন;
কম্পোনেন্ট -ডি: সরকারি পরিসংখ্যান ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সহজে ব্যবহারকারীরগণের নিকট তথ্য পৌঁছানোর ব্যবস্থাকরণ।

### ৩.৫। মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা:

সভাপতির নির্দেশক্রমে প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন প্রকল্প সংশোধনের কারণ হিসেবে নিম্নরূপ যৌক্তিকতা সভায় তুলে ধরেন:

৩.৫.১ বর্তমান TAPP অনুযায়ী চলমান প্রকল্পের মেয়াদকাল মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত। প্রকৃতপক্ষে প্রকল্পটি মার্চ ২০১৮ তে শুরু হলেও বিশ্বব্যাংক কর্তৃক এর Effectiveness ঘোষণা হয় ২০১৮ সালের ১২ সেপ্টেম্বর এবং প্রথম অর্থছাড় হয় ২০১৯ সালের ২৭ মে। দেরিতে অর্থছাড়ের কারণে প্রকল্পের কার্যক্রমও শুরু হয় ১৪ মাস বিলম্বে। এ প্রেক্ষাপটে TAPP-তে উদ্বৃত কার্যক্রম সম্পন্ন করতে বর্তমান মেয়াদের চেয়ে কমপক্ষে ১২ মাস অতিরিক্ত সময় প্রয়োজন।

৩.৫.২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কার্যক্রম তথা দেশের পরিসংখ্যান ব্যবস্থাকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণ, অধিকতর যুগোপযোগী ও বিশ্বপরিসরে গ্রহণযোগ্য করার নিমিত্ত প্রকল্পের টিএপিপি অনুযায়ী International Consulting Firm (DevStat-IoE-ibf) এর সাথে ৮ এপ্রিল ২০২০ তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির শর্ত অনুযায়ী উক্ত কনসালটিং ফার্ম প্রকল্পের Component অনুযায়ী ২৪টি ডেলিভারেবলস দাখিল করার কথা রয়েছে। COVID-19 এর প্রভাবে বিশ্বব্যাপী দীর্ঘদিন বিমান যোগাযোগ বন্ধ থাকায় উক্ত প্রতিষ্ঠানের বিশেষজ্ঞগণ সরাসরি বাংলাদেশে এসে কাজ করার সুযোগ পায়নি বিধায় অদ্যাবধি প্রতিষ্ঠানটি মাত্র ১০টি ডেলিভারেবল বিবিএস-এ দাখিল করতে সক্ষম হয়। যদিও আগস্ট ২০২১ হতে কনসালটিং প্রতিষ্ঠানের বিশেষজ্ঞগণ বাংলাদেশে এসে কাজ শুরু করেছে, তারপরেও বাকি ১৪টি ডেলিভারেবল বিবিএস-এ দাখিল করার জন্য কমপক্ষে ১২ মাস সময় প্রয়োজন।

৩.৫.৩ চুক্তি অনুযায়ী আন্তর্জাতিক কনসালটিং ফার্ম (DevStat-IoE-ibf) এর কার্যক্রমগুলোর মধ্যে অন্যতম হলো বিবিএস এর কর্মকর্তাগণকে পরিসংখ্যানের বিভিন্ন বিষয়ে দেশীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে যোগ্য ও দক্ষ করে গড়ে তোলা। সেক্ষেত্রে পরিসংখ্যানের ১৩টি ক্ষেত্রকে চিহ্নিত করে ২১টি বিষয়ে ৫-১০ দিনব্যাপী প্রায় ৫০০ জন কর্মকর্তাগণকে দেশীয় (Local) এবং ১৫০ জন কর্মকর্তাকে পরিসংখ্যানের ১৯টি বিষয়কেন্দ্রিক ১৯টি বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠানটি ৮৮ জনকে দেশীয় (Local) প্রশিক্ষণ এবং ৫ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করতে সক্ষম হয়েছে। অবশিষ্ট দেশী (Local) ও আন্তর্জাতিক প্রশিক্ষণ সম্পন্ন করতে প্রতিষ্ঠানটির কমপক্ষে আরও ১২ মাস অতিরিক্ত সময় প্রয়োজন। সে ক্ষেত্রে প্রকল্পের সময় বৃদ্ধির কোন বিকল্প নেই।

৩.৫.৪ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট মূলত 'জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র' (NSDS) বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য গ্রহণ করা হয়েছে। বিবিএস এর SDG সেলের চাহিদা অনুযায়ী ২০১৩ সালে মন্ত্রিপরিষদ কর্তৃক গৃহীত NSDS ডকুমেন্ট হালনাগাদ করার প্রস্তাব বিবেচনায় নিয়ে প্রকল্পের ৫ম স্টিয়ারিং কমিটির সভায় NSDS ডকুমেন্ট হালনাগাদ এর সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমান TAPP-তে NSDS ডকুমেন্ট হালনাগাদকরণের কোন সুযোগ রাখা হয়নি বিধায় এ ডকুমেন্ট হালনাগাদকরণের জন্য বর্তমান TAPP সংশোধন জরুরি।

## ৪। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত, বিশ্বব্যাংক ও ইআরডির সম্মতি

প্রকল্পের ৭ম স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পটির মেয়াদ ১৬ মাস বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া SID-এর ১১ আগস্ট ২০২১ তারিখের প্রস্তাবের প্রেক্ষিতে বিশ্বব্যাংক প্রকল্পের মেয়াদ ১৬ মাস বৃদ্ধির (৩০ জুন ২০২৩ পর্যন্ত) জন্য সম্মতি প্রদান করেছে, যা ইআরডি কর্তৃক ১৪ অক্টোবর ২০২১ তারিখে SID-কে অবহিত করা হয়। তবে প্রকল্পের কার্যাবলি বাস্তবায়নের ধারাবাহিকতা পর্যালোচনায় প্রতীয়মান হয় প্রকল্পের বর্তমান মেয়াদের অতিরিক্ত ১২ মাস সময়ে প্রকল্পের সকল কম্পোনেন্ট বাস্তবায়ন সম্ভব। তাই বর্তমান মেয়াদের অতিরিক্ত ১২ মাস সময় বৃদ্ধি করা এ প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজন।

## ৫। আলোচনা

সভাপতি উপস্থিত সকলকে প্রকল্প পরিচালক কর্তৃক উপস্থাপিত বিষয়ের উপর কোন মতামত থাকলে তা প্রদানের আহ্বান জানান। এই পরিপেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও মতামত পাওয়া যায়:

৫.১ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব সুভাষ চন্দ্র বিশ্বাস, যুগ্মসচিব সংশোধিত টিএপিপি অনুযায়ী প্রকল্প ব্যয় বৃদ্ধি পাবে কি-না জানতে চান। জবাবে প্রকল্প পরিচালক জানান যে, প্রস্তাবিত TAPP (১ম সংশোধনী) তে প্রকল্প ব্যয় বৃদ্ধি পাবে না, তবে প্রকল্পের বর্তমান ব্যয় কার্যক্রম পর্যবেক্ষণে কিছু কিছু অর্থনৈতিক কোড হতে উদ্বৃত্ত অর্থ প্রয়োজনীয় অন্যান্য কোডে স্থানান্তর বা পুনর্বণ্টন প্রয়োজন হবে। তাই মাঠ পর্যায়ের প্রশিক্ষণ চাহিদা ও প্রয়োজনীয় পরিসংখ্যান কর্মকান্ডে সহায়ক প্রয়োজনীয় সামগ্রী ক্রয়সহ অন্যান্য কার্যক্রমের জন্য সংশোধিত টিএপিপিতে আন্তঃখাতে অর্থ সমন্বয় করা হয়েছে এবং সে অনুযায়ী প্রস্তাবিত আন্ত:খাত সমন্বয় ও ব্যয় বিভাজনের বিস্তারিত উপস্থাপন করা হয়েছে।

৫.২ প্রস্তাবিত ব্যয় বিভাজন পর্যালোচনাপূর্বক সভাপতি বলেন, সংশোধিত টিএপিপি-তে দেখা যাচ্ছে যে, Publicity & Advertisement খাতে মূল টিএপিপি-র তুলনায় বরাদ্দ কমানো হয়েছে। বিবিএস এর কার্যক্রমকে আরো বৃহৎ পরিসরে অংশীজনদের নজরে আনার জন্য তিনি এ খাতে বরাদ্দের বিষয়টি পুনর্বিবেচনার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, প্রচারণা বৃদ্ধির জন্য বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় বিবিএস এর কার্যক্রম নিয়ে গোলটেবিল বৈঠক করার পাশাপাশি জাতীয় পত্রিকায় বিবিএস এর কার্যক্রম সম্বলিত বিষয়াদি প্রচার এবং সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলগুলোতে নিয়মিত স্ক্রলিং করা যেতে পারে। পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি ড. নুরুন নাহার, যুগ্মপ্রধানও বিবিএস এর কর্মকান্ডের প্রচার ও প্রসার বৃদ্ধির বিষয়ে Publicity & Advertisement খাতে অর্থ বরাদ্দ বৃদ্ধির বিষয়টি পুনর্বিবেচনা করা যেতে পারে বলে অভিমত ব্যক্ত করেন।

৫.৩ আলোচনার এ পর্যায়ে সভাপতি বলেন, NSDS Revision and Update কার্যক্রম বাস্তবায়নের জন্য একজন আন্তর্জাতিক পরামর্শকের পাশাপাশি একজন জুনিয়র পরামর্শকের সংস্থান টিএপিপি-তে রাখা হয়েছে। কাজের পরিধি বিবেচনায় ০২ জন দেশীয় কনসালটেন্ট যার মধ্যে একজন সিনিয়র ও একজন জুনিয়র কনসালটেন্ট সংশোধিত টিএপিপি-তে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। আইএমইডি'র প্রতিনিধি জনাব

মোশারফ হোসেন সংশোধিত টিএপিপিতে এনএসডিএস ডকুমেন্ট হালনাগাদকরণ কার্যক্রমটি নতুন কম্পোনেন্ট হিসাবে অন্তর্ভূক্ত করা হয়েছে কি-না জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান এটি কোনো নতুন কম্পোনেন্ট নয়, একটি Activity মাত্র, এর জন্য বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপ করতে হবে এবং সে নিমিত্তে সংশ্লিষ্ট খাতসমূহে বরাদ্দ বৃদ্ধি (অন্য খাত থেকে সমন্বয়ের মাধ্যমে) করলেই চলবে।

৫.৪ আলোচনায় অংশ নিয়ে সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধি জনাব মুনিরা বেগম, যুগ্মপ্রধান আন্তর্জাতিক যেসব প্রশিক্ষণ অদ্যাবধি সম্পন্ন হয়নি সেগুলো সম্পাদনের জন্য প্রয়োজনে বিদেশী প্রশিক্ষক/বিশেষজ্ঞ বাংলাদেশে নিয়ে আসা অথবা অনলাইনে সম্পন্ন করা যায় কি-না চানতে চান। জবাবে প্রকল্প পরিচালক জানান, দেশীয় ও বৈদেশিক প্রশিক্ষণ মূলত আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদান করা হবে এবং চুক্তির শর্তে সেরকমই উল্লেখ আছে। সুতরাং প্রশিক্ষণ বিষয়ে নতুন করে ভাবার সুযোগ নেই। তাছাড়া কোভিড ১৯ পরবর্তী সময়ে বিদেশী প্রশিক্ষক বাংলাদেশে নিয়ে আসা এবং দীর্ঘসময় বাংলাদেশে তাদের অবস্থান নিশ্চিত করা খুবই চ্যালেঞ্জিং। এ বিষয়ে প্রকল্প পরিচালকের সাথে সভার সভাপতি একমত পোষণ করেন। এছাড়া অনলাইন প্ল্যাটফর্মে নেয়া প্রশিক্ষণগুলোও খুব একটা কার্যকর হয়না বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। সভাপতি আরো বলেন, বিবিএস এর বিভিন্ন প্রশিক্ষণে বিবিএস বহির্ভূত অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের অংশীজনকে সম্পৃক্ত করতে হবে। মাঠ পর্যায়ের কার্যক্রম পরির্শনে বিবিএস বহির্ভূত অংশীজনকে সম্পৃক্ত করলে বিবিএস এর কাজের গুণগতমান ও বৃহৎ পরিসরে কাজের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে। তাছাড়া বিবিএস কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম অংশীজনের নিকট যথাযথভাবে তুলে ধরার জন্য তিনি Seminar, Workshop আয়োজনের উপর গুরুত্ব প্রদান করেন।

৫.৫ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি জনাব রোকেয়া খাতুন, যুগ্মসচিব বলেন, অর্থনৈতিক কোড কনসালটেন্সী খাতে বরাদ্দের পরিমাণ মূল টিএপিপি থেকে সংশোধিত টিএপিপি-তে উল্লেখযোগ্য হারে (৬৬০০ লক্ষ হতে ৭৪৫৫ লক্ষ) বাড়ানো হয়েছে। এক্ষেত্রে বিশ্বব্যাংকের লিখিত সম্মতি নেয়া প্রয়োজন যাতে ভবিষ্যতে এ বিষয়ে কোন সমস্যা না হয়। জবাবে প্রকল্প পরিচালক বলেন, টিএপিপি সংশোধনের বিষয়টি বিশ্বব্যাংকের সাথে পরামর্শ করেই করা হয়েছে। প্রকল্পের Task Team Leader (TTL) মি. আয়াগো ওয়ামবিল এর সাথে এ বিষয়ে একাধিকবার অনানুষ্ঠানিক আলোচনা হয়েছে। প্রকল্পের সময়সীমা বৃদ্ধির সাথে সাথে প্রকল্পের চলমান কার্যক্রম এগিয়ে নেয়ার জন্য বর্তমানে নিযুক্ত চার জন পরামর্শক যথাক্রমে Financial Management Specialist, Procurement Specialist, Economist and ICT Specialist এর মেয়াদও বৃদ্ধি করা অত্যাবশ্যক। এছাড়াও NSDS Revision and Update কার্যক্রম ও বিবিএস এর বিভিন্ন উইং ও প্রকল্পের তাৎক্ষণিক চাহিদার ভিত্তিতে স্বল্পমেয়াদী পরামর্শক নিয়োগ করা হবে বিধায় এখাতে অতিরিক্ত অর্থের সংস্থান রাখা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, এ খাতে বরাদ্দ বৃদ্ধির বিষয়টিতে বিশ্বব্যাংকের মতামত নেয়াটা জরুরি। এছাড়া টিএপিপি (১ম সংশোধন) তে প্রস্তাবিত নতুন কনসালটেন্টদের ToR আরো সুনির্দিষ্ট ও বাস্তবভিত্তিক করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন দ্রুততম সময়ের মধ্যে এ সংক্রান্ত মতামত বিশ্বব্যাংক হতে গ্রহণ করতে হবে এবং ইআরডি-কে এ বিষয়টি অবহিত করতে হবে। প্রকল্পের TTL বর্তমানে ক্রিসমাস এর ছুটিতে আছেন, কাজে যোগদান করলে এ বিষয়ে লিখিত সম্মতি গ্রহণ করা হবে।

৫.৬ সভাপতি Computer and Accessories খাতে বরাদ্দ বৃদ্ধির বিষয়টি পুনরায় পর্যালোচনার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে বিবিএস এর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলামও একমত পোষণ করেন। জবাবে প্রকল্প পরিচালক বলেন, সংশোধিত টিএপিপি-তে মাঠ পর্যায়ের বিভাগ, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিসগুলোর দৈনন্দিন কর্মকান্ডে গতিশীলতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আইটি সামগ্রী (ফটোকপিয়ার, প্রিন্টার) সরবরাহের প্রস্তাব করা হয়েছে। সভাপতি বিবিএস এর এফএ এন্ড এমআইএস উইং থেকে মাঠ পর্যায়ের অফিসগুলোতে বিগত ০২ বছরে কী পরিমাণ অর্থ আইটি খাতে বরাদ্দ প্রদান করা হয়েছে সেটি বিবেচনায় নিয়ে সংশোধিত টিএপিপিতে উক্ত খাতের বরাদ্দ পুনর্বিবেচনা করতে হবে।

৫.৭ সভায় সংশোধিত টিএপিপি-তে আসবাবপত্র খাতে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক জানান, এ খাতের আওতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর এফ এ এন্ড এমআইএস উইং আধুনিকায়ন করা হবে বিধায় বরাদ্দ বেশি রাখা হয়েছে। সভাপতির পরামর্শের পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এ খাতে আরো অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন আছে কি-না তা পুনরায় যাচাই করে পুনর্গঠিত টিএপিপি-তে সন্নিবেশন করা হবে।

৫.৮ আলোচনার এই পর্যায়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি ড. নুরুন নাহার, যুগ্মপ্রধান Other Expenditure খাত সম্পর্কে জানতে চান। জবাবে প্রকল্প পরিচালক বলেন, এ নামে একটি অর্থনৈতিক কোড রয়েছে এবং কোন্ কোন্ ব্যয় এ খাত হতে নির্বাহ করা যাবে তা অর্থনৈতিক কোড সংক্রান্ত বহিতে সুনির্দিষ্ট করা আছে।

০৬। **সিদ্ধান্ত**

বিস্তারিত আলোচনার পর নিম্নে উল্লেখিত শর্ত পরিপালন সাপেক্ষে ন্যাশনাল স্ট্র্যাটেজি ফর দ্যা ডেভেলপমেন্ট অব স্ট্যাটিটিসটিক্স (এনএসডিএস) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর টিএপিপি'র ১ম সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হলো:

৬.১ বর্তমান টিএপিপি অনুযায়ী অনুমোদিত কার্যক্রম ও প্রস্তাবিত কার্যক্রম সংশ্লিষ্ট ব্যয়ের খাতসমূহ পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় আন্ত:খাত সমন্বয়/ব্যয় বিভাজন করতে হবে।

৬.২ Publicity & Advertisement খাতের বরাদ্দ পুনরায় পর্যালোচনা করতে হবে। এ সংশ্লিষ্ট কার্যক্রম জোরদার করার লক্ষে টিএপিপি (১ম সংশোধন) এ প্রয়োজনীয় সংস্থান রাখতে হবে।

৬.৩ NSDS Revision and Update কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সভা/সেমিনার/ ওয়ার্কশপ/কনসালটেন্ট নিয়োগের জন্য প্রয়োজনীয় বরাদ্দ/খাত নিশ্চিত করতে হবে।

৬.৪ নতুন প্রস্তাবিত কনসালটেন্ট নিয়োগের ToR আরো সুনির্দিষ্ট এবং বাস্তবভিত্তিক করতে হবে।

৬.৫ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রমে এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনে বিবিএস বহির্ভূত অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের অংশীজনকে সম্পৃক্ত করতে হবে।

৬.৬ প্রকল্প সহায়তা ফান্ডের খাতভিত্তিক ব্যয় হ্রাস-বৃদ্ধির বিষয়ে বিশ্বব্যাংকের লিখিত সম্মতি গ্রহণ করতে হবে।

৬.৭ Computer and Accessories এবং আসবাবপত্র খাতের বরাদ্দ পুনরায় পর্যালোচনা করতে হবে।

উপরোক্ত শর্তসমূহ পরিপালনপূর্বক পুনর্গঠিত টিএপিপি (১ম সংশোধন) এ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০১/০২২

ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০০৯.১৪.৮৩৪.১৭(অংশ-২)-০১

তারিখঃ ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়- কার্যার্থে/জ্ঞাতার্থে ):

০১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৬. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৮. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৯. প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
১০. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
১১. অতিরিক্ত সাচব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

১২. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৩. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৪. প্রকল্প পরিচালক, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস, ঢাকা।
১৫. উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-২ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। অফিস কপি।

Akter 5/7/2022

জেসমীন আকতার
উপসচিব
☎৫৫০০৭৩৭৯

‘এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট’ এর টিএপিপি সংশোধন (১ম) বিষয়ে “Departmental Special Project Evaluation Committee (DSPEC)”- এর সভার হাজিরা।

তারিখ: ২৭-১২-২০২১ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | অফিস/কার্যালয় | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | (রেজাউল আলম ফারুকী)- অতিরিক্ত সচিব | SID | 01748793022 | |
| ০২. | ড. সুভাষ চন্দ্র বিশ্বাস যুগ্মসচিব (উন্নয়ন) | জনপ্রশাসন মন্ত্রণালয় | 01712062341 | |
| ০৩. | ~~মোহাম্মদ আজিজুল ইসলাম~~ [illegible] | [illegible] | ০১৭২২৫৫০৫৬৪ | 24/22 |
| ০৪. | শিরীন রুবী যুগ্মসচিব | SID | 01715009230 | |
| ০৫. | তেহসীন আকতার উপসচিব | SID | 01727750168 | 27/12/2021 |
| ০৬. | খন্দকার মোঃ মাহবুবুর রহমান SAS | SID | 01713-084253 | 27/12/21 |
| ০৭. | মোঃ মোশাররফ হোসেন পরিচালক | আই এম ই ডি | ০১৭১৮৫২৭৫৭০ | ২৭/১২/২০২১ |
| ০৮. | রোকেয়া খাতুন যুগ্মসচিব | ই আর ডি | 01711824367 | |
| ০৯. | মুনির হোসেন যুগ্ম-প্রধান | GED | 01314996788 | |
| ১০. | ড. নুরুন নাহার যুগ্ম-সচিব | [illegible] | 01777330644 | |
| ১১. | আলোক হাজরা দ্বিতীয় সচিব | NBR | 01750925155 | 27.12.21 |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | মোছা: মাজেদা ইয়াসমিন উপসচিব | [illegible] প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ পরিসংখ্যান বিভাগ | 01712293877 mazeda22@gmail.com | [signature] |
| ১৩. | মু: ওয়াহিদ মুরাদ প্রোগ্রামার | SID | 01717128612 murad@sid.gov.bd | [signature] |
| ১৪. | মোহাম্মদ সেলিম সরওয়ার, DPD | NSDS-ISP | 01716590775 msalimbbs@gmail.com | [signature] |
| ১৫. | [illegible] AO | SID | 01718-387963 | [signature] |
| ১৬. | মো: দিলদার হোসেন প্রকল্প পরিচালক, | NSDS BBS | 01715301843 | [signature] 27.12.2021 |
| ১৭. | জুয়েল আহমেদ সচিব-এর একান্ত সচিব | SID | 01723619491 | [signature] 27/12/21 |
| ১৮. | [illegible] হোসেন SO | BBS | 01969892088 | [signature] |
| ১৯. | মো: [illegible] যুগ্ম-প্রধান | SEID | 01720252987 | [signature] |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |